২৮/৭/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ..........
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

# শুধু বাসভবন নয় ভিসির দেহ তল্লাশি করতে হবে

### —ঢাঃ বিঃ ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল (রবিবার) অনুষ্ঠিত এক সমাবেশে জাতীয়তাবাদী ছাত্র দল নেতৃবৃন্দ অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগ দাবী করে বলেছেন, শুধু ভিসির বাসভবন নয়, প্রয়োজনে তার দেহ তল্লাশি করতে হবে। ছাত্রদল নেতৃবৃন্দ ভিসিকে উদ্দেশ্য করে, বলেন, ২৮ জুলাইয়ের পূর্বে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ স্বাভাবিক করে তুলুন, অন্যথায় উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব আপনাকে বহন করতে হবে। কারণ ছাত্রদল জানে কিভাবে তাদের দাবী আদায় করতে হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আজাদ চৌধুরীর পদত্যাগসহ পাঁচ দফা দাবীতে আজ ভিসির কার্যালয় ঘেরাও কর্মসূচী সফল করার লক্ষ্যে গতকাল এ বিক্ষোভ সমাবেশ ও মিছিলের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয় শাখা

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ ছাত্রদল

৮-এর পৃষ্ঠার পর

মনির হোসেনের সভাপতিত্বে কলাভবনের প্রধান গেটে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-ই-এলাহী, সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেন, সহ-সভাপতি আজিজুল বারী হেলাল, সুলতান সালাউদ্দিন টুকু, মাহবুবুল হক নান্নু, আব্দুল বারী ড্যানী, শফিউল বারী বাবু, যুগ্ম সম্পাদক ফরহাদ হোসেন আজাদ, নূরুল ইসলাম নয়ন, আব্দুল কাদের জুয়েল, হায়দার আলী লেলিন, আসাদুজ্জামান আসাদ, ওমর ফারুক সাকিন, সরদার মোঃ নুরুজ্জামান প্রমুখ।

ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, আওয়ামী ভিসির রোষানলে পড়ে ছাত্র দলের অনেক মেধাবী নেতা-কর্মীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। তাই আর দেরী নয়, অবিলম্বে দালাল ভিসির হাত থেকে ক্যাম্পাসকে রক্ষা করতে হলে ভিসি, প্রভোস্ট, প্রক্টরের বাসভবন তল্লাশি করতে হবে।